# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঐ সময়ে যারা বাইতুল মাকদিসের দিকে মুখ করে সালাত আদায় করেছেন, তাদের সালাতকে ইমান নামে অভিহিতকরণ সম্পর্কে বর্ণনা

ذِكْرُ تَسْمِيَةِ اللَّهِ جَلَّ وَعَلَا صَلَاةَ مَنْ صَلَّى إِلَى بَيْتِ الْمَقْدِسِ فِي تِلْكَ الْمُدَّةِ إيماناً

আরবী

1714 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ إِسْرَائِيلَ عَنْ سِمَاكٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: لَمَّا وُجِّهَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْكَعْبَةِ قَالُوا: كَيْفَ بِمَنْ مَاتَ مِنْ إِخْوَانِنَا وَهُمْ يُصَلُّونَ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ؟ فَأَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا: {وَمَا كَانَ اللَّهُ لِيُضِيعَ إِيمَانَكُمْ} [البقرة: 143]

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1714 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

১৭১৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা‘বার দিকে মুখ করে সালাত আদায় শুরু করেন, তখন সাহাবীগণ বলেন, “আমাদের ভাইয়েরা যারা বাইতুল মাকদিসের দিকে মুখ করে সালাত আদায় করে মারা গেছেন, তাদের অবস্থা কেমন হবে?” তখন মহান আল্লাহ আয়াত নাযিল করেন, وَمَا كَانَ اللَّهُ لِيُضِيعَ إِيمَانَكُمْ (আর অবশ্যই আল্লাহ তোমাদের ঈমান (বাইতুল মাকদিসের দিকে মুখ করে সালাত আদায় করা সালাত) বিনষ্ট করবেন না।”- সূরা আল বাকারাহ: ১৪৩)[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩৪৭; তিরমিযী: ২৯৬৪; তাবারী: ৩/১৬৭; দারেমী: ১/২৮১; তাবারানী আল কাবীর: ১১৭২৯; আবূ দাউদ: ৪৬৮০; আত তায়ালিসী: ২৬৭৩; হাকিম: ২/২৬৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ অন্যান্য সমার্থক বর্ণনা থাকার কারণে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১৭১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন